Sanatan Dharma



গুরু পূর্ণিমা

গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুঃ গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
ওঁ অজ্ঞান-তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন-শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
গুরুর প্রতি শিষ্যের শ্রদ্ধার নিদর্শন হিসাবে উদযাপন করা হয় গুরু পূর্ণিমা। বৈদিক যুগ হতে প্রতি বছর আষাঢ় মাসের পূর্ণিমা তিথিতে গুরু পূর্ণিমা অনুষ্ঠিত হয়ে আসছে । এই দিনে শিষ্য গুরুর প্রতি শ্রদ্ধা নিবেদন করে থাকেন। এই দিনটিকে পরমগুরু ব্যাসদেবের জন্মজয়ন্তী হিসেবেও পালন করা হয় । সেই কারণে এই বিশেষ দিনটিকে ব্যাস পূর্ণিমাও বলা হয়।

গুরু সম্পর্কে শ্রীমদ্ভগবদ্গীতা বলা আছে
"তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥"
অর্থাৎ—তত্ত্বদর্শী জ্ঞানী আচার্যদিগের নিকটে আত্মসমর্পণ করিয়া এবং তাঁহাদের সম্পূর্ণ অধীন ভাবে সেবা দ্বারা তাঁহাদিগকে প্রসন্ন করিবে, তখন তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলে তাঁহারা এই জ্ঞান তোমাকে উপদেশ করিবেন এবং তুমি তাহা বুঝিতে

পারবিে।

Published on: Jul, 04 2023 14:49